# ST. LAWRENCE HIGH SCHOOL
A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

**3rd. Term Test -2019**

**Class: 3 A & C**

**Subject: Bengali Grammar** | **Full Marks:75**

**Duration: 2hr** | **Date: 26/11/2019**

(Marks will be deducted for untidy work, spelling mistakes & work not done in systematic manner.)

## 'ক' বিভাগ – 20

১। বাক্যে উত্তর দাও :- 4

ক) বাক্য তৈরী করতে কী লাগে ?

খ) একবচনের চিহ্নগুলি লেখ।

গ) ক্লীব লিঙ্গের দুটি উদাহরণ দাও।

ঘ) অনেকগুলি শব্দকে একটি শব্দে প্রকাশ করাকে কী বলে ?

২। যেগুলি শব্দ শুধু সেইগুলি খাতায় লেখ :- 4

কাসল , অসুখ , ইন্দ্রধনু , পগোলা , বেয়াদব , তুফান

৩। শব্দগুলি সাজিয়ে বাক্য বানাও :- 4

ক) দুরন্ত ছেলেটা বড়ো খ) কাটে মাছ জলে সাঁতার

গ) ডাকে কোকিল বসন্তকালে ঘ) মহান বিদ্যাসাগর ব্যক্তি ছিলেন

৪। ঠিক বা ভুল লেখ :- 4

ক) বাক্যের পাঁচটি অংশ ।

খ) মা, দিদি, ছাত্রী হল স্ত্রীলিঙ্গ ।

গ) রাশি, গুলো, হল বহুবচনের চিহ্ন ।

ঘ) শব্দ বাক্যে ব্যবহৃত হলে তাকে অক্ষর বলে ।

৫। <u>ঠিক মতো সাজিয়ে শব্দ বানাও :-</u> 4

ৎসবউ, হাসইতি, তরীবিপ , নুহনমা

## 'খ' বিভাগ – 25

৬। বাক্য কাকে বলে ? একটি বাক্যের উদাহরণ দাও :- 3

৭। সর্বনাম পদ কাকে বলে ? চারটি সর্বনাম পদের উদাহরণ দাও (শব্দে)। 3

৮। <u>এক কথায় লেখ :-</u> 4

ক) জানার ইচ্ছা -- (খ) পাখীর ডাক --

গ) যা শরৎকালে ঘটে -- (ঘ) যা পূর্বে হয়নি --

৯। <u>বহুবচনের রূপ লেখ :-</u> 3

ফুল, তারকা, টাকা

১০। <u>সমার্থক শব্দ লেখ ( ২টি করে) :-</u> 3

রাস্তা, মানুষ, আলো

১১। <u>লিঙ্গ পরিবর্তন কর :-</u> 3

কর্তা, সিংহ, দাস, শিব, বালক, পুত্র

১২। নিচের বাক্যগুলি থেকে <u>বিশেষণ পদের তলায় দাগ দিয়ে বাক্যটি লেখ :-</u> 3

ক) ছেলেটি ভালো ফুটবল খেলে। খ) পচিঁশে বৈশাখ রবীন্দ্রনাথের জন্মদিন।

গ) মেলায় হাজারটা দোকান ছিল।

১৩। বিশেষ্য পদের তলায় দাগ দাও :- 3

ক) বাক্সটি খুলে দেখাও। খ) গঙ্গা একটি পবিত্র নদী। গ) দুষ্টু শিয়ালটি পালাল।

## 'গ' বিভাগ – 30

১৪। ছেদ চিহ্ন কাকে বলে ? ৪টি ছেদ চিহ্ন লেখ। 1+4=5

১৫। দাগ দেওয়া পদগুলির বদলে ৩টি করে সমার্থক শব্দ লেখ :- 5

ক) নদী আপন বেগে চলে। খ) এই পৃথিবী অতি সুন্দর। গ) ভাল মানুষ হও।

ঘ) দশরথের পুত্রের নাম রাম। ঙ) ছেলেটির মাথায় বুদ্ধি আছে।

১৬। শূন্যস্থানে উপযুক্ত পদ বসিয়ে বাক্যটি সম্পূর্ণ কর :- 5

ক) বনের রাজা ____________ । বিশেষ্য

খ) আমগুলি খুবই ____________ । বিশেষণ

গ) ____________ ব্যাগটি কোথায় ? সর্বনাম

ঘ) আমি ____________ তুমি যাব। অব্যয়

ঙ) খুব জোরে বৃষ্টি ____________ । ক্রিয়া পদ

১৭। বাক্যে ছেদ চিহ্নের ব্যবহার দেখাও :- 5

ক) মা বাবা আর ভাই একসঙ্গে গেলাম

খ) তোমার দিদির নাম কী

গ) ছি ওকথা বলতে নেই

ঘ) সে দরিদ্র কিন্তু সৎ

ঙ) বাবা বললেন আমরা এখন যাব।

১৮। <u>"তোমার প্রিয় ঋতু"</u> -- কয়েকটি বাক্য নিয়ে একটি অনুচ্ছেদ লেখ। 5

১৯। <u>বোধশক্তির বিচার :-</u> 5

মরুভূমি বালির সমুদ্র। এই মরুভূমিতে চলাচলের একমাত্র বাহন হল উট। উটকে এই জন্য মরুভূমির জাহাজ বলে। উটের দুধ ও মাংস মরুবাসীর খাদ্য। উটের পিঠে মাল চাপিয়ে এক জায়গা থেকে অন্য জায়গায় জিনিসপত্র নিয়ে যাওয়া হয়।

প্রশ্ন :-

(ক) মরুভূমিতে কী থাকে ?

(খ) মরুভূমির জাহাজ কাকে বলে ?

(গ) শূন্যস্থান পূরণ কর :-

উটের ________ ও __________ মরুবাসীর খাদ্য।

(ঘ) বাক্য রচনা কর :-

সমুদ্র

xxxxxxxxxxxxxxxxx

# ST. LAWRENCE HIGH SCHOOL
A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
3rd. Term Test -2019
Class: 3 A & C

**Subject: Bengali Grammar** **Model Answer** **Full Marks:75**
**Duration: 2hr** **Date: 26/11/ 2019**

(Marks will be deducted for untidy work, spelling mistakes & work not done in systematic manner.)

'ক' বিভাগ – 20

১। বাক্যে উত্তর দাও :- 4

ক) বাক্য তৈরি করতে পদ লাগে।

খ) একবচনের চিহ্নগুলি হল টি, টা, খানি, খানা, গাছা, গাছি ইত্যাদি।

গ) ক্লীব লিঙ্গ – বই, খাতা।

ঘ) অনেকগুলি শব্দকে একটি শব্দে প্রকাশ করাকে বলে এক কথায় প্রকাশ।

২। শব্দ - অসুখ , ইন্দ্রধনু , বেয়াদব , তুফান 4

৩। শব্দগুলি সাজিয়ে বাক্য বানাও :- 4

(ক) ছেলেটা বড় দুরন্ত। (খ) মাছ জলে সাঁতার কাটে।

(গ) বসন্তকালে কোকিল ডাকে। (ঘ) বিদ্যাসাগর মহান ব্যক্তি ছিলেন।

৪। ঠিক বা ভুল লেখ :- 4

ক) বাক্যের পাঁচটি অংশ । ভুল

খ) মা, দিদি, ছাত্রী হল স্ত্রীলিঙ্গ। ঠিক

গ) রাশি, গুলো, হল বহুবচনের চিহ্ন। ঠিক

ঘ) শব্দ বাক্যে ব্যবহৃত হলে তাকে অক্ষর বলে। ভুল

৫। ঠিক মতো সাজিয়ে শব্দ বানাও :- 4

শব্দ – উৎসব, ইতিহাস, বিপরীত, হনুমান

'খ' বিভাগ – 20

৬। শব্দ বা পদকে পর পর সাজিয়ে যখন মনের একটি ভাব প্রকাশ করা হয় তখন তাকে বাক্য বলে। 3

যেমন – টিয়াপাখীর রং সবুজ।

৭। বিশেষ্যর পরিবর্তে যে পদ ব্যবহৃত হয় তাকে সর্বনাম পদ বলে। 3

উদাহরণ – আমি, তুমি, তোমার, তার।

৮। এক কথায় লেখ :- 4

জিজ্ঞাসা, কূজন, শারদীয়, অপূর্ব

৯। বহুবচনের রূপ :- 3

ফুল – ফুলগুলি, তারকা – তারকারাজি, টাকা – দুইটাকা

১০। সমার্থক শব্দ লেখ ( ২টি করে) :- 3

রাস্তা – পথ, সড়ক // মানুষ – নর, মানুষ // আলো – আলোক, প্রভা

১১। লিঙ্গ পরিবর্তন কর :- 3

কর্তা – গিন্নি, সিংহ – সিংহী, দাস – দাসী, শিব – শিবানী,

বালক – বালিকা, পুত্র - কন্যা

১২। নিচের বাক্যগুলি থেকে বিশেষণ পদের তলায় দাগ দিয়ে বাক্যটি লেখ :- 3

ক) ছেলেটি ভালো ফুটবল খেলে।　　খ) পচিঁশে বৈশাখ রবীন্দ্রনাথের জন্মদিন।

গ) মেলায় হাজারটা দোকান ছিল।

১৩। বিশেষ্য পদের তলায় দাগ দাও :- 3

ক) বাক্সটি খুলে দেখাও।　খ) গঙ্গা একটি পবিত্র নদী।　গ) দুষ্টু শিয়ালটি পালাল।

## 'গ' বিভাগ – 30

১৪। বাক্যের মধ্যে বা অনেকগুলি বাক্যের মধ্যে অর্থ অনুযায়ী থামার জন্য আমরা যে সব চিহ্ন ব্যবহার করি সেগুলোকেই যতিচিহ্ন বা ছেদচিহ্ন বলে।

উদাহরণ – দাড়ি (।), কমা (,), সেমিকোলন (;), প্রশ্নসূচক চিহ্ন (?) 1+4=5

১৫। সমার্থক শব্দ :- 5

নদী – তটিনী, সরিৎ //　পৃথিবী – ধরিত্রী, জগৎ //　মানুষ – নর, মানব

পুত্র – ছেলে, তনয় //　মাথা – মস্তক, শির

১৬। শূন্যস্থান :- 5

ক) বনের রাজা সিংহ ।　(বিশেষ্য)

খ) আমগুলি খুবই মিষ্টি ।　(বিশেষণ)

গ) তোমার ব্যাগটি কোথায় ?　(সর্বনাম)

ঘ) আমি আর তুমি যাব।　(অব্যয়)

ঙ) খুব জোরে বৃষ্টি পড়ছে।　(ক্রিয়া পদ)

১৭। বাক্যে ছেদ চিহ্নের ব্যবহার :- 5

ক) মা, বাবা আর ভাই একসঙ্গে গেলাম।

খ) তোমার দিদির নাম কী?

গ) ছি! ওকথা বলতে নেই।

ঘ) সে দরিদ্র; কিন্তু সৎ।

ঙ) বাবা বললেন, "আমরা এখন যাব"।

১৮। "তোমার প্রিয় ঋতু" - নিজে লেখ। 5

১৯। বোধশক্তির বিচার :- 5

(ক) মরুভূমিতে বালি থাকে।

(খ) উটকে মরুভূমির জাহাজ বলে।

(গ) উটের দুধ ও মাংস মরুবাসীর খাদ্য।

(ঘ) বাক্য রচনা :- সমুদ্র - (নিজে লেখ)

XXXXXXXXXXXXXXXXXXX